সংবাদ প্রতিদিন

বৃহস্পতিবার | ২২ মে ২০২৫

উত্তর সম্পাদকীয়

ফাদার জন ফেলিক্স রাজ
প্রভাতকুমার দত্ত

# যুক্তিবাদে অনড়

**সামাজিক অবিচার, গণমাধ্যমের বাক্‌স্বাধীনতা, বৌদ্ধিক অসংবেদনশীলতার বিরুদ্ধে সবসময় সোচ্চার হয়েছিলেন 'রাজা' রামমোহন রায়। বর্ণবাদী সমাজ ও ধর্মের একবল্গা কাঠামো যেভাবে মানুষের প্রাণবায়ু শোষণ করে, তারও প্রতিবাদ করেছিলেন তিনি। সতীদাহ রোধ তাঁর সর্বাগ্রগণ্য কৃতিত্বের একটি। জন্মদিনে বিশেষ নিবন্ধ।**

১৭৭২ সালে, আজকের দিনে, জন্মগ্রহণ করেন ধর্ম ও সমাজ সংস্কারক রাজা রামমোহন রায়, যিনি অধিক পরিচিত ভারতের নবজাগরণের পথিকৃৎ রূপে। জেরেমি বেন্থাম একবার রাজা রামমোহন রায়কে বর্ণনা করতে গিয়ে বলেছিলেন, 'intensely admired and dearly loved collaborator.' কখনও তাঁকে বলা হয়েছে 'এরাসমাস অফ ইন্ডিয়া', কখনও কবিগুরুর কণ্ঠে তিনি বর্ণিত হয়েছেন 'ভারতীয় ইতিহাসের এক উজ্জ্বল নক্ষত্র' রূপে।

বাঙালি 'ভদ্রলোক' সংস্কৃতির অন্যতম প্রতিনিধি রামমোহন রায় হিন্দু ধর্মীয় প্রথা এবং সামাজিক ব্যবস্থার সংস্কারসাধনকেই করে তুলেছিলেন জীবনের মূল লক্ষ্য। ১৮০৩ সালে ফারসি ভাষায় লেখেন 'তুহফাত-উল-মুয়াহিদ্দিন'— এই গবেষণামূলক পুস্তিকায় তিনি যুগ যুগ ধরে চলে আসা হিন্দু প্রথা ও আচার-অনুষ্ঠানের প্রতি সমালোচনামুখর হয়ে উঠেছিলেন। ধর্মীয় ভ্রান্তি ও কুসংস্কারের বিরুদ্ধে

নতুন শিক্ষা কাঠামোয় অন্তর্ভুক্ত হয়। (উইলিয়ামস, ২০১৬)।

## সংস্কারের মুখ

ধর্মীয় সংস্কারক রূপে, রামমোহন রায়, হিন্দুদের মূর্তিপূজা প্রথার সমালোচক ছিলেন। বর্ণপ্রথা ও সতীদাহ প্রথার তীব্র নিন্দা করে ১৮২৯ সালে সতীদাহ 'নিষিদ্ধ' করেন। তাঁর ক্ষুরধার কলমের জোরেই তৎকালীন ব্রিটিশ ইন্ডিয়া গভর্নিং কাউন্সিলের উদ্যোগে রদ করা হয় এই ভয়াবহ কুপ্রথা।

কিছু পুজোপাসনা পদ্ধতিতে 'অশ্লীল ও

ও উপনিষদে— সেই পরমেশ্বরের উপাসনাতেই মন নিবিষ্ট করার উপদেশ দেন।

এরপর তাঁর আকর্ষণের কেন্দ্রবিন্দু হয়ে ওঠে খ্রিস্টান ধর্ম। 'ওল্ড টেস্টামেন্ট' ও 'নিউ টেস্টামেন্ট' পড়ার জন্য শুরু করেন গ্রিক ও হিব্রু ভাষা শেখা। গসপেলের পাঠ শেষ করে সেখান থেকে অনুপ্রাণিত হয়ে লেখেন— 'প্রিসেপ্টস অফ জিসাস: আ গাইড টু পিস অ্যান্ড হ্যাপিনেস'। ফরাসি ও আমেরিকান বিপ্লব থেকে উদ্ভূত বিভিন্ন মৌলিক সামাজিক ও রাজনৈতিক ধারণাকে ভারতীয় প্রেক্ষাপটে প্রয়োগ করার সময়— বাংলা ভাষার প্রচারও করেন তিনি।



ভারতের ভয়াবহ কুপ্রথা সতীদাহ 'নিষিদ্ধ' করেন রামমোহন রায়। ছবি সৌজন্য রেডিট

করে, পূর্ব ও পাশ্চাত্য শিক্ষার সমন্বয়সাধন করেন তিনি।

## আইন সংস্কার

আইন সংস্কারক রূপে, রামমোহন রায়, তৎকালীন